দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 SEP 2009 ...
পৃষ্ঠা ... ০৩ ... কলাম ... ১ ...

# সকল শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি অনলাইন প্রক্রিয়ায় আনা হচ্ছে ঃ শিক্ষামন্ত্রী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের ভর্তি প্রক্রিয়া পর্যায়ক্রমে অন-লাইন ডিজিটাল প্রক্রিয়ার আওতায় আনা হচ্ছে। তিনি বলেন, সরকার সবার কাছে আধুনিক তথ্য-প্রযুক্তি পৌছে দিতে চায়। অন-লাইন ডিজিটাল ভর্তি প্রক্রিয়া ছাত্র-ছাত্রীদের ভোগান্তি কমাবে, তাদের সময় ও অর্থ বাঁচাবে এবং তরুণ প্রজন্মকে তথ্য প্রযুক্তিমনস্ক হিসাবে গড়ে তুলবে। অন-লাইন ভর্তি প্রক্রিয়ায় ছাত্র-ছাত্রীদের সম্পৃক্ত করার মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়ার কার্যক্রম আরো এক ধাপ এগিয়ে যাবে বলে তিনি জানান।

গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) অন-লাইন ভর্তি প্রক্রিয়ার উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সৈয়দ আতাউর রহমান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম। বিইউপি-এর উপাচার্য মেজর জেনারেল মো. শফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) ২০০৯-'১০ শিক্ষাবর্ষের বিবিএ, এমবিএ এবং এক্সিকিউটিভ এমবিএ ভর্তির জন্য অন-লাইন প্রক্রিয়ার দরখাস্ত আহ্বান করেছে। এর ঠিকানা হচ্ছে www.bup.edu.bd